



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)
৮, রাজডক এভিনিউ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ১৪ মাঘ ১৪৩০
২৮ জানুয়ারি ২০২৪

প্রশাসনিক পরিপত্র নং- ০৯/২০২৪

চাকরি (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ৩১ জানুয়ারি, ২০১৮ তারিখের এস,আর,ও নং ৪১-আইন/২০১৮ অনুযায়ী সকল কর্মচারীর সন্তান শিক্ষা সহায়ক ভাতা প্রদানের বিষয়ে নিম্নরূপ বিধান রয়েছে:


- ক) সকল কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে এবং অনধিক ০২ (দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা 'শিক্ষা সহায়ক ভাতা' প্রদেয় হবে।
- খ) স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হলে সন্তান সংখ্যা যে কোন একজনের ক্ষেত্রেই গণনা করে ভাতার পরিমাণ নির্ধারণ করতে হবে।
- গ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র (Enrolement Certificate from the Head of Institute) এবং জন্ম নিবন্ধন সনদের কপি (Copy of Birth Certificate) দাখিল সাপেক্ষে এ ভাতা প্রদেয় হবে। জন্ম নিবন্ধন সনদ মোতাবেক এ ভাতা ২৩ (তেইশ) বছর পর্যন্ত বয়সী সন্তান/সন্তানেরা প্রাপ্য হবেন।

০২। উপরিউক্ত বর্ণনা মোতাবেক কর্পোরেশনের কর্মচারীগণ জানুয়ারি-ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত সন্তান প্রতি মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে এবং অনধিক ২ (দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্য হবেন।

০৩। উপর্যুক্ত বিধানের আওতায় সন্তান শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্তির জন্য কর্পোরেশনের কর্মচারীগণকে সংযুক্ত নমুনা অনুযায়ী আবেদন ও এতৎসঙ্গে নিম্নলিখিত দলিলাদি সংযুক্তকরণপূর্বক হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- এ দাখিল করার জন্য অনুরোধ করা হলো:

- ক) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র (Enrolement Certificate from the Head of Institute);
- খ) জন্ম নিবন্ধন সনদের কপি (Copy of Birth Certificate)

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।


(এস. এম. সিরাজুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

বিতরণ (দ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ:

সহকারী মহাব্যবস্থাপক
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
আইসিবি, প্রধান কার্যালয়
ঢাকা।

বিষয়: শিক্ষা সহায়ক ভাতা প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপরিউক্ত বিষয়ে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-এর ২৮ জানুয়ারি ২০২৪ তারিখের প্রশাসনিক পরিপত্র নং ০৯/২০২৪ উল্লেখ্য।

০২। উক্ত প্রশাসনিক পরিপত্র মোতাবেক নিম্ন স্বাক্ষরকারীর ... জন সন্তানের শিক্ষা সহায়ক ভাতা প্রদান করার নিমিত্ত নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করা হলোঃ

১.	কর্মচারীর নাম	:			
২.	পদবি ও গ্রেড	:			
৩.	আইডি নং	:			
৪.	বর্তমান কর্মস্থল	:			
৫.	ক) স্বামী/স্ত্রী সরকারী চাকুরীজীবী কি-না? (হ্যাঁ/ না)	:			
	খ) স্বামী/স্ত্রী চাকুরীজীবী হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম এবং স্বামী/স্ত্রী এর নাম	:			
	গ) আপনার স্বামী/স্ত্রী চাকুরীজীবী হিসাবে উক্ত প্রতিষ্ঠান হতে সন্তান শিক্ষা সহায়ক ভাতা গ্রহণ করেন কি-না? (হ্যাঁ/ না)	:			
৬.	সন্তান/ সন্তানদের বিবরণ:				
	ক্রম.	সন্তান/ সন্তানদের নাম	জন্ম তারিখ	শ্রেণি ও শিক্ষাবর্ষ	শিক্ষা প্রতিষ্ঠানের নাম
	ক.				
	খ.				

০৩। এমতাবস্থায়, আমারজন সন্তানের জন্ম নিবন্ধন সনদের কপি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর ও তারিখ :

নাম :

